



## সার্টিফাইড সিপ্যানেল এনওসি পার্টনার জিয়নবিডি

২১ সেপ্টেম্বর ২০১৯

লিনাক্স অপারেটিং সিস্টেম ভিত্তিক ওয়েব হোস্টিং কন্ট্রোল প্যানেল সিপ্যানেলের প্রথম বাংলাদেশী প্রতিষ্ঠান হিসেবে সিপ্যানেল সার্টিফাইড এনওসি পার্টনারের স্বীকৃতি ও সিপ্যানেল সার্টিফাইড ব্যাজ পেল জিয়নবিডি। সিপ্যানেল ইউনিভার্সিটি থেকে, চলতি বছরের জুন মাস থেকে সিপ্যানেল সার্টিফাইড পার্টনার প্রোগ্রাম চালু হয়েছে। মূলত সিপ্যানেল চালিত সার্ভারের ওপর দক্ষতা যাচাই এবং বিভিন্ন পরীক্ষার মাধ্যমে, সাপোর্ট প্রদানকারী ব্যক্তির সিপ্যানেল সম্পর্কে দুর্দান্ত জ্ঞান আছে তার প্রমাণ এর পরেই সিপ্যানেল ইউনিভার্সিটি থেকে সিপ্যানেল সার্টিফিকেশন ও ব্যাজ প্রদান করে। সম্প্রতি টিম জিয়নবিডি সিপ্যানেল সার্টিফাইড পার্টনার প্রোগ্রামে অংশগ্রহণ করে এবং সফলভাবে প্রক্রিয়াটির সব শর্ত সম্পন্ন করে এবং বাংলাদেশের প্রথম প্রতিষ্ঠান হিসেবে জিয়নবিডি সিপ্যানেলের প্রথম নেটওয়ার্ক অপারেশন পার্টনার হিসেবে স্বীকৃতি লাভ করেছে। এখন থেকে বাংলাদেশসহ সব এশিয়ান দেশের সব সিপ্যানেল সার্ভারের আপডেট সরবরাহ হবে জিয়নবিডির বাংলাদেশে অবস্থিত টিয়ার থ্রি ডাটা সেন্টারের অফিসিয়াল সিপ্যানেল ফাস্ট আপডেট মিরর সার্ভার থেকে। 'জিয়নবিডির, সিপ্যানেলের সার্টিফাইড নক পার্টনারের স্বীকৃতি ও সিপ্যানেল সার্টিফাইড ব্যাজ পাওয়া উপলক্ষে

জিয়নবিডিৰ অপাৰেশ্বন ম্যানেজাৰ মোহাম্মদ নাজমুল হক জানিয়েছেন, জিয়নবিডি তার যাত্রালগ্ন থেকেই গ্রাহকদের মানসম্পন্ন সেবা প্রদান করছে। আর সিপ্যানেল সার্টিফাইড নক পার্টনার হওয়ার মাধ্যমে প্রমাণ হয় জিয়নবিডিৰ সাপোর্ট স্টাফদের সিপ্যানেল সম্পর্কে সার্বিক জ্ঞান রয়েছে এবং গ্রাহকদের যেকোনো সিপ্যানেল সম্পর্কিত সমস্যার তাৎক্ষণিক সমাধান করতে জিয়নবিডি সদা সক্ষম।